

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ৭, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-১ শাখা  
প্রজ্ঞাপন

তারিখ, ২৮ ডিসেম্বর ২০১৪

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.০৫৯.২০১২-১২৫৪—যেহেতু, জনাব আবু নছর মোঃ আলমগীর হুসাইন, চেয়ারম্যান, শিবগঞ্জ উপজেলা পরিষদ, বগুড়া-এর বিরুদ্ধে বগুড়া সদর থানার মামলা নং-১০৬(১)১৩, জিআর নং-১০৬/১৩ ধারা ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ১৬(৩)২৫ বি তৎসহ ১৯০৮ সালের বিস্ফোরক দ্রব্যাদি আইনের ৩/৪ গত ২৮-৪-২০১৪ খ্রিঃ তারিখে বিজ্ঞ আদালত কর্তৃক অভিযোগপত্র গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব আবু নছর মোঃ আলমগীর হুসাইন, চেয়ারম্যান, শিবগঞ্জ উপজেলা পরিষদ, বগুড়া-এর বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ধারা ১৩(খ)(১) অনুসারে বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব আবু নছর মোঃ আলমগীর হুসাইনকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সবুর হোসেন  
উপসচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

( ৯৭ )

মূল্য : টাকা ৪.০০